# পিসির ঝুটঝামেলা

ট্রাবলশুটার টিম

**সমস্যা :** পিসি বারবার হ্যাং করছে এবং নিজে থেকেই রিস্টার্ট নিচ্ছে। কিছুক্ষণ কাজ করার পরই এ সমস্যা দেখা দেয়। পিসি আগের তুলনায় কিছুটা ধীরগতির হয়ে গেছে। এটি কি ভাইরাসের কারণে হচ্ছে? আমার পিসির অপারেটিং সিস্টেম উইন্ডোজ সেভেন আল্টিমেট। আমি অ্যাভাইরা ফ্রি অ্যান্টিভাইরাস ব্যবহার করি।

–মাহবুব, গাজীপুর

**সমাধান :** অনেক কারণে পিসি হ্যাং করতে পারে। তবে অন্যতম কারণ সিস্টেমের স্ট্যাবিলিটি ঠিক না থাকা। একই বাসস্পিডের র‍্যাম ব্যবহার না করে দুই স্লটে দুই বাসস্পিডের র‍্যাম ব্যবহার করা, এক স্লটে বেশি মেমরির র‍্যাম ও অন্যটায় কম মেমরির র‍্যাম ব্যবহার করা, মাদারবোর্ড যতটা বাসস্পিড সাপোর্ট করে তার সাথে মিল না রেখে র‍্যাম লাগানো ইত্যাদি। সিস্টেমের সব কম্পোনেন্ট একটির সাথে আরেকটি সামঞ্জস্যপূর্ণ কি না তা দেখে নিন। যদি কোনো সমস্যা থাকে তবে তা ঠিক করে নিন। সিস্টেমের সব ডিভাইস খুলে তা পরিষ্কার করে আবার লাগিয়ে নিন।

পিসি রিস্টার্ট নেয়ার কারণ হতে পারে ভাইরাস সঠিকভাবে কোনো সফটওয়্যার ইনস্টল না করা বা সিস্টেমের সাথে খাপ না খাওয়া এমন কোনো সফটওয়্যার ইনস্টল করা। ভালোমানের অ্যান্টিভাইরাস কিনে তা দিয়ে সিস্টেমটি ভালো করে স্ক্যান করে নিন। সিস্টেমে থাকা অপ্রয়োজনীয় সফটওয়্যারগুলো আনইনস্টল করে নিন। সিস্টেম টিউনআপ করার সফটওয়্যার ইনস্টল করে দেখতে পারেন। সিস্টেম ইউটিলিটি সফটওয়্যার হিসেবে সিক্লিনার, অ্যাডভান্সড সিস্টেম কেয়ার, টিউনআপ ইউটিলিটি ইত্যাদি ব্যবহার করে দেখতে পারেন। যদি এসবে কাজ না হয়, তবে নতুন করে উইন্ডোজ সেটআপ দিয়ে নিন। নতুন কোনো হার্ডওয়্যার যদি যোগ করা হয় এবং তা সিস্টেমের সাথে ম্যাচ না করে তবে সে ক্ষেত্রেও এ ধরনের সমস্যা হতে পারে।

ভাইরাস থেকে বাঁচার জন্য ইন্টারনেটে অপরিচিত মেইল, অ্যাটাচমেন্ট, মেসেজ ওপেন করা থেকে বিরত থাকুন। পেনড্রাইভ স্ক্যান করার পর ওপেন করুন। ক্র্যাক ফাইল স্ক্যান করে নিন। নিয়মিতভাবে অ্যান্টিভাইরাস দিয়ে পিসি স্ক্যান করুন। পিসির গতি সবসময় ঠিক রাখার জন্য নিয়মিত ডিস্ক ডিফ্র্যাগমেন্ট করুন। যদি ডিফ্র্যাগমেন্ট করতে মনে না থাকে তবে আইওবিট স্মার্ট ডিফ্র্যাগ নামে সফটওয়্যার ব্যবহার করতে পারেন। এটি স্বয়ংক্রিয়ভাবে ডিফ্র্যাগমেন্ট করে যখন পিসিতে কাজের চাপ কম থাকে।

**সমস্যা :** পিসি স্টার্ট হয় না। পিসি চালু করলে তা উইন্ডোজের লোগো দেখিয়ে লোডিং করতেই থাকে কিন্তু আর ডেস্কটপ আসে না। পিসির ব্যাকআপ না নিয়ে উইন্ডোজও বদল করে ফেলতে পারছি না। আমার ডেস্কটপ ও ডকুমেন্টসে অনেক জরুরি ফাইল রয়েছে। নতুন করে উইন্ডোজ সেটআপ দিতে গেলে সেগুলো মুছে যাবে, তাই খুব বিপদে পড়ে গেছি। এ কী।

–উজ্জ্বল, হাটহাজারী

**সমাধান :** উইন্ডোজ লোডিংয়ের সময় আটকে যাওয়া সমস্যা সাধারণত হার্ডডিস্কের সমস্যার কারণে হয়। হার্ডডিস্কের ডাটা ক্যাবল ও পাওয়ার ক্যাবল খুলে তা ভালো করে লাগিয়ে নিন। সম্ভব হলে ক্যাবল বদলে ফেলুন। যদি এতে কাজ না হয়, তবে পিসি সেফ মোডে চালু করার চেষ্টা করুন। যদি সেফ মোডে ঢুকতে পারেন, তবে আপনার ফাইলের ব্যাকআপ নিয়ে নিন। উবুন্টু লিনআক্স লাইভ সিডি দিয়ে বুট করে সি ড্রাইভের ব্যাকআপ নিতে পারেন। যদি সম্ভব না হয়, তবে হার্ডডিস্ক খুলে তা অন্য পিসিতে যুক্ত করে দেখুন তা ডিটেক্ট করে কি না। যদি করে, তাহলে ডিস্কটিকে ভালো করে স্ক্যানডিস্ক প্রোগ্রাম দিয়ে স্ক্যান করুন। কোনো ব্যাড সেক্টর পাওয়া গেলে তা ঠিক করে নিন ব্যাড সেক্টর রিমুভার সফটওয়্যার দিয়ে।

*ফিডব্যাক : jhutjhamela24@gmail.com*